



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

ভবন চুক্তি বিভাগ (“Department of Buildings, DOB”) কী?

DOB, বিবাদীকে (NYC আইন বা নিয়ম লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত ব্যক্তি) শুনানির পূর্বে “চুক্তির” প্রস্তাব দিতে পারে।

“চুক্তি” কী? চুক্তি হচ্ছে বিবাদী এবং প্রতিষ্ঠানের মধ্যে সম্মতি, যেমন DOB, যেখানে শুনানির পরিবর্তে উভয় পক্ষ কিছু শর্ত পালনের জন্য প্রতিজ্ঞাবদ্ধ হয়।

DOB নিম্নলিখিত কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়:

- বিবাদী যদি আইন ভঙ্গ করে তাহলে তাদের উপর মোট অর্থদণ্ডের শুধুমাত্র অর্ধেক জরিমানা ধার্য করা।

বিবাদী নিম্নলিখিত কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়:

- লঙ্ঘন স্বীকার করা এবং 50% জরিমানা প্রদান করা।
- **দ্রষ্টব্য:** যেহেতু বিবাদী পক্ষকে মোট প্রদেয় শাস্তিযোগ্য জরিমানার শুধুমাত্র 50% প্রদান করতে হবে, তাই সে এখনও নিয়ম লঙ্ঘনকারীর আওতাভুক্ত হতে পারে। এর অর্থ হচ্ছে সে যদি দ্বিতীয় বারের মতো একই অপরাধ পুনরায় করে “অপরাধী” সাব্যস্ত হয়, তাহলে তার উপর একই অপরাধ পুনরায় করার জন্য শাস্তি হিসেবে পূর্বের তুলনায় বেশি জরিমানা ধার্য করা হবে।
- লঙ্ঘন “সংশোধন” করা অর্থ সমস্যা সমাধান করা।
- DOB এ সংশোধনের সার্টিফিকেট দাখিল করুন। এটি এমন একটা নথি যেখানে দেখানো হয় যে বিবাদীর লঙ্ঘন অপরাধ “সংশোধন” করেছে এবং 50% জরিমানা পরিশোধ করেছে।
- বিবাদীকে **অবশ্যই** সমনে উল্লিখিত শুনানির তারিখ হতে 75 দিনের মধ্যে সার্টিফিকেট দাখিল করতে হবে।
- কার্যকর হওয়ার জন্য সংশোধনী সার্টিফিকেটটি **অবশ্যই DOB কর্তৃক অনুমোদিত হতে হবে** এবং এই প্রক্রিয়া সম্পন্ন করতে কয়েক সপ্তাহ প্রয়োজন হতে পারে।
- **পরামর্শ:** আপনি যদি উল্লিখিত বিবাদী হয়ে থাকেন বা সম্পত্তির সত্বাধিকারী হয়ে থাকেন, তাহলে সংশোধনী সার্টিফিকেটটি অতি দ্রুত অনুমোদন করতে চাইলে (বা এটি অনুমোদিত হয়েছে কি না তা জানার জন্য) সবচাইতে উত্তম পন্থা হলো এটি 280 Broadway, 1st Floor, New York, NY 10007 এ অবস্থিত NYC **ভবন বিভাগ - প্রশাসনিক আইন প্রয়োগ ইউনিট এ সরাসরি, সকাল 8:30 এবং দুপুর 2:30 এর মধ্যে দাখিল করা।**

বিবাদী যদি চুক্তিতে সম্মতি জ্ঞাপন করে কিন্তু উল্লিখিত শর্তাবলী পূরণ না করে তাহলে তারা আইন লঙ্ঘনকারী বলে গণ্য হবে এবং তাদেরকে অর্থদণ্ডের সম্পূর্ণ (100%) পরিশোধ করতে হবে।

যদি কোনো বিবাদীকে চুক্তির জন্য অফার করা হয় তাহলে সে কীভাবে তা জানতে পারবে?

- বিবাদীকে মেইলের মাধ্যমে চিঠি প্রদান করা হতে পারে (DOB বা OATH হতে) যাতে উল্লেখ থাকবে যে তাদেরকে চুক্তির জন্য অফার করা হচ্ছে।
- বিবাদীকে জানানো হতে পারে যে সে যদি প্রথম শুনানির জন্য OATH এ হাজির হয় তাহলে সে চুক্তি করতে পারবে।
- কোনো চুক্তি অফার করা হচ্ছে কি না এ ব্যাপারে জানতে, বিবাদী (বা তাদের প্রতিনিধি) OATH সহায়তা কেন্দ্রের প্রতিনিধিকে জিজ্ঞাসা করতে পারেন।

বিবাদী কখন চুক্তি গ্রহণ করতে পারেন?

- প্রথম শুনানির তারিখের পূর্বেই চুক্তি গৃহীত হতে হবে। যাহোক, বিবাদী প্রথম শুনানির তারিখে OATH এ উপস্থিত হলেও শুনানি শুরু হওয়ার পূর্বে চুক্তি গ্রহণ অধিকার প্রয়োগ করতে পারে।
- শুনানি শুরু হয়ে গেলে বিবাদী আর চুক্তি গ্রহণ করতে পারবে না। **দ্রষ্টব্য:** আপনি যদি কোনো চুক্তি গ্রহণ করেন তাহলে এর কার্যকারিতা আপনার সমনে উল্লিখিত তারিখ হতেই শুরু হয়ে যাবে।

কীভাবে সংশোধন প্যাকেটের সার্টিফিকেট পেতে হয় তা জানতে বা এর জন্য আবেদন করা সম্পর্কিত নির্দেশনা পেতে অনুগ্রহ করে OATH সহায়তা কেন্দ্রের প্রতিনিধির সাথে কথা বলুন।